

KHATRA ADIBASI MAHAVIDYALAYA

E CONTENT

DEPARTMENT: MUSIC

SEMESTER: I(PROGRAMME)

SESSION: 2017-2018

SUBJECT: THEORY OF INDIAN MUSIC

(APMUS/101/C-1A)

TOPIC- TIME THEORY OF RAGA

NAME OF TEACHER: PROF. SANGITA SARKAR DEY

I. রাগের সময় চক্র II (TIME THEORY OF RAGA)

রাগ পরিবেশনের সময় সাধারণত দুই প্রকারে নির্ধারিত হইয়াছে। যেমন- রাগে ব্যবহৃত স্বর অনুসারে ও রাগের বাদী স্বর অনুসারে।

রাগে ব্যবহৃত স্বর অনুসারে রাগ পরিবেশনের সময় (TIME OF SERVE RAGA ACCORDING SWAR USED IN THE RAGA) : স্বরসম্প্রদেয় শুদ্ধ ও বিকৃত মিলিয়া মোট বারটি স্বর থাকে। কেবল শুদ্ধ স্বর দ্বারা রাগ গঠিত হইতে পারে, আবার শুদ্ধ ও বিকৃত স্বরের সংমিশ্রণেও রাগ গঠিত হইতে পারে। এই শুদ্ধ ও বিকৃত স্বরের সমন্বয়ে গঠিত হিন্দুস্তানী সঙ্গীতের রাগগুলিকে প্রধানত তিনটি ভাগে ভাগ করা হইয়াছে। যেমন :-

[১] রে ধ কোমল ও গ শুদ্ধযুক্ত রাগ : ব্যতিক্রম হিসাবে ধ শুদ্ধ থাকিতে পারে। পরিবেশনের সময় সকাল এবং সন্ধ্যা ৪টা হইতে ৭টা পর্যন্ত।

[২] শুদ্ধ রে ধ যুক্ত রাগ : গ-ও শুদ্ধ থাকিবে। পরিবেশনের সময় দিবা ও

রাত্রির ৭টা হইতে ১০টা বা ১২টা পর্যন্ত। [৩] কোমল গনি যুক্ত রাগ : পরিবেশনের সময় দিবা ও রাত্রির ১০টা বা ১২টা হইতে ৪টা পর্যন্ত। এখানে ভোর ৪টা হইতে পরদিন ভোর ৪টা পর্যন্ত সময়কে সম্পূর্ণ দিন ধরা হইয়াছে।

দিবাভাগে (IN THE DAY TIME)

[ক] ভোর ৪টা হইতে বেলা ৭টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে কোমল রে ধ ও শুদ্ধ গ যুক্ত রাগ। ব্যতিক্রম হিসাবে ধ শুদ্ধ থাকিতে পারে। এই সময়ে রাগগুলিকে প্রাতঃকালীন সন্ধিপ্ৰকাশ রাগ বলা হয়। যেমন :- ভৈরব ঠাট হইতে-

ভৈরব, রামকেলী, কালিংগড়া প্রভৃতি। পূর্বা ঠাট হইতে পরজ, বসন্ত প্রভৃতি। মারবাঠাট হইতে-ললিত, সোহিনী প্রভৃতি।

[খ] বেলা ৭টা হইতে বেলা ১০টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে শুদ্ধ রে ধ যুক্ত রাগ। ইহাতে গ-ও শুদ্ধ থাকিবে। যেমন :- বিলাবল ঠাট হইতে - বিলাবল, আলাহিয়া, দেশকার প্রভৃতি। কল্যাণ ঠাট হইতে-গৌড়সারং, হিন্দোল প্রভৃতি। খাম্বাজ ঠাট হইতে-গারা ইত্যাদি।

[গ] বেলা ১০টা না ১২টা হইতে বৈকাল ৪টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে কোমল নিযুক্ত রাগ। যেমন :- কাফী ঠাট হইতে- ভীমপলশ্রী, বৃন্দাবনী সারং পিলু প্রভৃতি। আশাবরী ঠাট হইতে-আশাবরী, জৌনপুরী, দেশী প্রভৃতি। ভৈরবী ঠাট হইতে-ভৈরবী, বিলাসখানী টোড়ী প্রভৃতি।

-রাত্রিভাগে-(AT NIGHT)

[ক] বৈকাল ৪টা হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে কোমল রে ও শুদ্ধ গ যুক্ত রাগ। ব্যতিক্রম হিসাবে য শুদ্ধ থাকিতে পারে। এই সময়ে গীত রাগগুলিকে সায়ংকালীন সন্ধিপ্ৰকাশ রাগ বলা

হয়। যেমন : ভৈরব ঠাট হইতে গৌরী। পুরী ঠাট হইতে পূর্বা, স্ত্রী, পুরিয়াধানেত্রী প্রভৃতি। মারবা ঠাট হইতে – মারবা, পুরিয়া প্রভৃতি।

[খ] সন্ধ্যা ৭টা হইতে ১০টা বা ১২টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে শুদ্ধ রে ধ যুক্ত রাগ। ইহাতে গ-ও শুদ্ধ থাকিবে। যেমন : – বিলাবল ঠাট হইতে–দুর্গা। কল্যাণ ঠাট হইতে– ইমন, কেদার, কামোদ প্রভৃতি। খাম্বাজ ঠাট হইতে-খাম্বাজ, তিলককামোদ, জয়জয়ন্তী প্রভৃতি।

[গ] রাত্রি ১০টা বা ১২টা হইতে ভোর ৪টা পর্যন্ত পরিবেশন করিতে হইবে কোমল গ্র নিযুক্ত রাগ। যেমন: কাফী ঠাট হইতেকাফী, বাগেশ্রী, বাহার প্রভৃতি। আশাবরী ঠাট হইতে আড়ানা, দরবাড়ী কানাড়া প্রভৃতি। ভৈরবী ঠাট হইতে- মালকোষ ইত্যাদি।

বাদী স্বর অনুসারে রাগ পরিবেশনের সময় : প্রথমে স্বর সপ্তককে দুইভাগে ভাগ করিতে হইবে। যেমন- সা রে গম ও প ধ নি সাঁ। এই ভাগের প্রথম ভাগকে বলা হয় সপ্তকের পূর্বাঙ্গ ও দ্বিতীয় ভাগকে বলা হয় সপ্তকের উত্তরাঙ্গ। পরবর্তীকালে এই সপ্তক ভাগকে একটু পরিবর্তন করিয়া লওয়া হইয়াছে। অনেক সময় দেখা যায়, কোন রাগের বাদী স্বর ম হইলেও উহা উত্তরাঙ্গবাদী রাগ আবার কোন রাগের বাদী স্বর প হইলেও উহা পূর্বাঙ্গবাদী রাগ। সেই কারণে প্রথম ভাগ সা রে গ ম প এবং দ্বিতীয় ভাগ ম প ধ নি সাঁ এইভাবে ভাগ করা হইয়াছে।

এইবার দিবারাত্রির ২৪ ঘন্টাকে সমান দুইভাগে ভাগ করিতে হইবে। যেমন প্রথম ভাগ দিবা ১২টা হইতে রাত্রি ১২টা পর্যন্ত এবং দ্বিতীয় ভাগ রাত্রি ১২টা হইতে পরদিন বেলা ১২টা পর্যন্ত। ইহাদের প্রথম ভাগকে বলা হয় সময়ের পূর্বাঙ্গ ও দ্বিতীয় ভাগকে বলা হয় সময়ের উত্তরাঙ্গ।

যদি কোন রাগের বাদী স্বর সপ্তকের পূর্বাঙ্গে অর্থাৎ সা রে গ ম প এই স্বরগুলির মধ্যে থাকে, তবে তাহাকে পরিবেশন করিতে হইবে সময়ের পূর্বাঙ্গে অর্থাৎ দিবা ১২টা হইতে রাত্রি ১২টার মধ্যে এবং যদি কোন রাগের বাদী স্বর সপ্তকের উত্তরাঙ্গে অর্থাৎ মপ ধনি সা এই স্বরগুলির মধ্যে থাকে, তবে তাহাকে পরিবেশন করিতে হইবে সময়ের উত্তরাঙ্গে অর্থাৎ রাত্রি ১২টা হইতে পরদিন বেলা ১২টার মধ্যে